

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০৩.১৫- ৪৮

০৪ ভাদ্র, ১৪২২


তারিখঃ.....

১৯ আগস্ট, ২০১৫

বিষয়: অনুস্বাক্ষরকারী/প্রতিস্বাক্ষরকারীগণ কর্তৃক কর্মকর্তাদের ২০১৪ সনের গোপনীয় অনুবেদন  
সিআর অধিশাখায় পৌঁছানো সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাগণের ২০১৪ সনের গোপনীয় অনুবেদন (দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরিত হয়ে) সিআর অধিশাখায় পৌঁছানোর সময়সীমা ৩১ মার্চ, ২০১৫ অতিক্রান্ত হলেও বেশকিছু কর্মকর্তার গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পৌঁছায়নি। ইতোমধ্যে অত্র কার্যালয়ে প্রাপ্ত অনুলিপি ও গোপনীয় অনুবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে বেশকিছু কর্মকর্তার দাখিলকৃত গোপনীয় অনুবেদন অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী পর্যায়ে অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের অপেক্ষায় রয়েছে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের একবছর পর গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর শেষে সিআর অধিশাখায় প্রেরণ করলে তা গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, অনুগ্রহপূর্বক আপনার অধীনস্থ এবং আপনার পর্যায়ে যে সকল কর্মকর্তার গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর বা প্রতিস্বাক্ষরের জন্য রয়েছে তা অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক জরুরি ভিত্তিতে সিআর অধিশাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষ অনুরোধ করা হ'ল।

  
১৯.০৮.১৫

শেলিনা খানম

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫৫০৩৯৩

[sascr3@mopa.gov.bd](mailto:sascr3@mopa.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার বিনীত অনুরোধসহ)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।

৩. সচিব, জনবিভাগ/আপনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।

৪. বিভাগীয় কমিশনার,.....বিভাগ।

৫. জেলা প্রশাসক,.....জেলা।

৬. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।

প. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।